# রাণীশংকৈল পৌরসভা কার্যালয়

রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- রা:পৌ:/রাণীশংকৈল/০৮-সায়রাত-০১/হাট-বাজার/২০২৩-২০২৪/২১৫

তারিখ ঃ ০৪/০২/২০২৪ খ্রিঃ

## "বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাণীশংকৈল পৌরসভা আওতাধীন নিম্নতফসিল বর্ণিত হাট-বাজার সমূহ নিম্ন শর্তসমূহের ভিত্তিতে বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের নিকট হতে সীল-মোহরকৃত খামে (খামের উপর নির্ধারিত হাটের নাম উল্লেখপুর্বক) দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

### হাট-বাজার সমূহের তফসিল

| ক্র: নং | সায়রাত মহলের নাম | কাঙ্খিত সরকারী ইজারামূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১ | শিবদিঘী দৈনিক বাজার | ১০,৫০,৯১৬/= টাকা | ৩,০০০/=টাকা |
| ০২ | রাণীশংকৈল কলেজ হাট (হ্যালিপ্যাড অংশসহ) | ৩,১৫,৮৬৭/= টাকা | ১,৫০০/= টাকা |
| ০৩ | বন্দর দৈনিক বাজার | ৪,৫০,৮১৬/= টাকা | ১,৫০০/= টাকা |
| ০৪ | জয়কালী হাট | ৩৬,৮৬৮/= টাকা | ৩০০/= টাকা |

### দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৮/০২/২০২৪ খ্রিঃ, রোজ ঃ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৯/০২/২০২৪ খ্রিঃ, রোজ ঃ সোমবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ১৯/০২/২০২৪ খ্রিঃ, রোজ ঃ সোমবার, বেলা ৩-০০ ঘটিকা। | উল্লেখিত তারিখ অনুযায়ী কাংক্ষিত দর না পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১২/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৩/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বুধবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ১৩/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বুধবার, বেলা ৩-০০ ঘটিকা। | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৭/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বৃহস্পতিবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ২৮/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বৃহস্পতিবার, বেলা ৩-০০ ঘটিকা। | |

| দরপত্র প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|
| পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয়, সহকারী কমিশনার (ভুমি), রাণীশংকৈল এর কার্যালয় ও জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর কার্যালয়। | রাণীশংকৈল পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয়, সহকারী কমিশনার, রাণীশংকৈল এর কার্যালয় ও জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর কার্যালয়। |

### শর্তাবলী

০১। দরপত্রে প্রস্তাবিত ইজারামূল্যের ১০০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে "মেয়র, রাণীশংকৈল পৌরসভা"- এর অনুকুলে বিডি/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

০২। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। দাখিলকৃত প্রস্তাবিত দর (ইজারামূল্য) কাঙ্খিত সরকারী মূল্য তুলনায় কম হলে তফশীলের বর্ণিত তারিখ সমূহে পর্যায়ক্রমে উল্লেখিত স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। এখানে সম্ভাব্য মূল্য (কাঙ্খিত সরকারী মূল্য) হবে বিগত তিন বছরের গড় ইজারামূল্যের সহিত সরকারি নির্দেশনা মোতাবেক গড় ইজারামূল্যের ৬% যোগ করে নির্ধারণকৃত মূল্য।

০৩। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদন হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ অত্র পৌরসভা কার্যালয়ে জমাকরণ সহ ১০% হারে অগ্রিম আয়কর বাবদ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং-১/১১৪১/০০৬৫/০১১১ এবং ১৫% হারে ভ্যাট কোড নং ১/১১৩৩/০০৪৫/০৩১১ চালানের মূল কপিসহ ০২ (দুই) কপি চালান একই সংঙ্গে অত্রাফিসে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ প্রদত্ত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।



চলমান পাতা নং-০২

০৪। যাঁর দরপত্র গৃহীত হবে , তাঁকে সরকারী বিধি মোতাবেক হাট-বাজার সম্পর্কিত সকল আইন-কানুন মেনে চলতে হবে এবং হাটের দখল গ্রহণের পূর্বেই কর্তৃপক্ষের সাথে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নির্ধারিত চুক্তি সম্পাদন করতে হবে। ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে , তাঁর ইজারা বাতিল করা হবে এবং তাঁর জমাকৃত ইজারার টাকা অত্র পৌরসভার অনুকুলে বাজেয়াপ্ত করনসহ উক্ত হাটের পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা নেয়া হবে।

০৫। অনুমোদনকৃত টোল আদায়ের তালিকা অনুযায়ী হাট-বাজারে টোল আদায় করতে হবে এবং ইজারাদারের নিজ খরচে টোল আদায়ের তালিকা হাট-বাজারের প্রকাশ্য স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে। অনুমোদিত টোল চার্ট বহির্ভুত কোন ব্যক্তির নিকট হতে বা দ্রব্যের উপর হাট পরিসীমার মধ্যে অবস্থিত কোন দোকান হতে ০.০৫ টাকা হরে টোল বা খাজনা আদায় করা যাবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না।

০৬। হাট/বাজারের রাস্তা সংলগ্ন দোকান-পাট/হাট-বাজারের অভিমুখী দোকান-পাট হতে ইজারাদার বিধি মোতাবেক টোল/ফি আদায় করতে পারবে এবং সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দোকানদার/দোকান মালিকগণ কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারবে না।

০৭। অনুমোদিত ইজারাদার উক্ত হাটটি উপ-ইজারা (সাব-লীজ) দিতে পারবেন না।

০৮। ইজারাদার হাটের পরিসীমা/চৌহদ্দী বাজায় রাখবেন এবং হাটের জমির অবৈধ দখল করতে পারবেন না।

০৯। হাটের পরিসীমা/চৌহদ্দীর মধ্যে বিদ্যমান কোন বৃক্ষ বা ইজারা মেয়াদের মধ্যে রোপিত কোন বৃক্ষের উপর ইজারা গ্রহীতার/ইজারাদারের কোন দাবী বা অধিকার বা স্বার্থ থাকবে না।

১০। ইজারাদার কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নির্ধারিত হাট বারের কোন পরিবর্তন করতে পারবেন না।

১১। ইজারাদার প্রচলিত আইনের অধীনে বা আদায়যোগ্য যে কোন কর , ডিউটি ইত্যাদি প্রদান/ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১২। হাট-বাজার পরিচালনা ও ব্যবস্থাপনায় ইজারাদার কোন প্রকার হস্তক্ষেপ করতে পারবেন না।

১৩। ইজারাদারকে ইজারা ব্যবসায়ী হিসাবে পৌরসভা হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

**১৪। দরপত্রের সহিত দরপত্র দাখিলকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।**

১৫। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। খামের উপরে দরদাতার নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। লেখা কাটিকাটি হলে এক টানে কেটে অনুস্বাক্ষর দেওয়া না থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা/অধিকার সংরক্ষণ করেন।

08/2/1028
(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা।

স্মারক নং- রাঃপৌঃ/রাণীশংকৈল/০৮-সায়রাত-০১/হাট-বাজার/২০২৩-২০২৪/২১৫(৫০) তারিখ ঃ ০৪/০২/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। জেলা প্রশাসক , ঠাকুরগাঁও।
০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
০৪। উপজেলা নির্বাহী অফিসার , রাণীশংকৈল , ঠাকুরগাঁও।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
০৬। অফিসার ইনচার্জ , রাণীশংকৈল থানা , ঠাকুরগাঁও।
০৭। কাউন্সিলর (সকল) , অত্র পৌরসভা।
০৮। সহকারী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা, অত্র পৌরসভা।
০৯। প্রোঃ ------------------------------------------- । তাকে মাইকযোগে পর পর ০১(এক) দিন বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১০। জনাব/মের্সাস --------------------------------------------------------------------- ।
১১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার , দৈনিক -------------------------- । তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি একদিন স্বল্পপরিসরে ছাপানোর জন্য অনুরোধ করা হ'ল।
১২। জনাব ----------------------, ইজারাদার , শিবদিঘী দৈনিক বাজার/রাণীশংকৈল কলেজ হাট (হ্যালিপ্যাড অংশ)/বন্দর দৈনিক বাজার/জয়কালী হাট।
১৩। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.ranisankailpourashava.gov.bd) , অত্র পৌরসভা।
১৪। অফিস কপি।

08/2/1021
(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা।

রাণীশংকৈল পৌরসভা কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- রাঃপৌঃ/রাণীশংকৈল/০৮-সায়রাত-০১/হাট-বাজার/২০২৩-২০২৪/২১৬

তারিখ ঃ ০৪/০২/২০২৪ খ্রিঃ

## বাংলা ১৪৩১ সনের মালামাল আমদানী-রপ্তানী ও কসাইখানা ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে , রাণীশংকৈল পৌরসভার নিম্নতফসিল বর্ণিত মালামাল আমদানী-রপ্তানী, কসাইখানা, গণ-শৌচাগার ও খোয়াড়গুলি নিম্ন শর্তসমূহের ভিত্তিতে বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের নিকট হতে সীল-মোহরকৃত খামে (খামের উপর নির্ধারিত মালামাল আমদানী রপ্তানী/কসাইখানা/গণ-শৌচাগার/খোয়াড় নাম উল্লেখপূর্বক) দরপত্র আহবান করা হচ্ছে ঃ

### মালামাল আমদানী-রপ্তানী ও কসাইখানা ইজারার তফসিল

| ক্রমিক নং | সায়রাত মহালের নাম | কাঙ্খিত সরকারী ইজারামূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | মালামাল আমদানী-রপ্তানী | ৪,৭১,৪৬৮/= টাকা | ১০০০/= টাকা |
| ০২ | রাণীশংকৈল কসাইখানা | ১,৬৭,৩২০/= টাকা | ৫০০/=টাকা |

### দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৮/০২/২০২৪ খ্রিঃ, রোজ ঃ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৯/০২/২০২৪ খ্রিঃ , রোজ ঃ সোমবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ১৯/০২/২০২৪ খ্রিঃ , রোজ ঃ সোমবার, বেলা ৩-০০ ঘটিকা। | উল্লেখিত তারিখ অনুযায়ী কাংক্ষিত দর না পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১২/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৩/০৩/২০২৪ খ্রিঃ , রোজ ঃ বুধবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ১৩/০৩/২০২৪ খ্রিঃ , রোজ ঃ বুধবার, বেলা ৩-০০ ঘটিকা। | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৭/০৩/২০২৪ খ্রিঃ, রোজ ঃ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রিঃ , রোজ ঃ বৃহস্পতিবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত। | ২৮/০৩/২০২৪ খ্রিঃ , রোজ ঃ বৃহস্পতিবার, বেলা ৩-০০ ঘটিকা। | |

| দরপত্র প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|
| পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয়, সহকারী কমিশনার (ভুমি), রাণীশংকৈল এর কার্যালয়। | রাণীশংকৈল পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয়, সহকারী কমিশনার, রাণীশংকৈল এর কার্যালয়। |

শর্তাবলী

০১। দরপত্রে প্রস্তাবিত ইজারামূল্যের ১০০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে মেয়র , রাণীশংকৈল পৌরসভা"- এর অনুকূলে বিডি/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

০২। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। দাখিলকৃত প্রস্তাবিত দর (ইজারামূল্য) কাঙ্খিত সরকারী মূল্য তুলনায় কম হলে তফশীলের বর্ণিত তারিখ সমূহে পর্যায়ক্রমে উল্লেখিত স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। এখানে সম্ভাব্য মূল্য (কাঙ্খিত সরকারী মূল্য) হবে বিগত তিন বছরের গড় ইজারামূল্য সরকারী নির্দেশনা মোতাবেক গড় ইজারামূল্যের সাথে ৬% যোগ করে ইজারামুল্য।

০৩। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ অত্র পৌরসভা কার্যালয়ে জমাকরণ সহ ৫% হারে অগ্রিম আয়কর বাবদ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং-১/১১৬৫/০০০০/০১১১ এবং ১৫% হারে ভ্যাট কোড নং ১/১১৩৩/০০৪৫/০৩১১ এ জমা করে ট্রেজারী চালানের মূল কপিসহ ০২ (দুই) কপি চালান একই সংঙ্গে অত্রাফিসে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

চলমান পাতা-০২

০৪। যাঁর দরপত্র গৃহীত হবে , তাঁকে সরকারী বিধি মোতাবেক উক্ত ইজারা সম্পর্কিত সকল আইন-কানুন মেনে চলতে হবে এবং মালামাল আমদানী-রপ্তানী/কসাইখানা/গণ-শৌচাগার/খোয়াড় ইজারার দখল গ্রহণের পূর্বেই কর্তৃপক্ষের সাথে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নির্ধারিত চুক্তি সম্পাদন করতে হবে। ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে , তাঁর ইজারা বাতিল করা হবে এবং তাঁর জমাকৃত ইজারার টাকা অত্র পৌরসভার অনুকুলে বাজেয়াপ্ত করনসহ মালামাল আমদানী-রপ্তানী/কসাইখানা পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা নেয়া হবে।

০৫। অমোদনকৃত টোল আদায়ের তালিকা অনুযায়ী টোল আদায় করতে হবে এবং ইজারাদারের নিজ খরচে টোল আদায়ের তালিকা মালামাল আমদানী-রপ্তানী/কসাইখানা এর প্রকাশ্য স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে।

০৬। অনুমোদিত ইজারাদার উক্ত মালামাল আমদানী-রপ্তানী/কসাইখানা সাব লিজ দিতে পারবেন না।

০৭। ইজারাদার প্রচলিত আইনের অধীনে বা আদায়যোগ্য যে কোন কর , ডিউটি ইত্যাদি প্রদান/ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৮। ইজারাদারকে ইজারা ব্যবসায়ী হিসাবে পৌরসভা হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

০৯। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। খামের উপরে দরদাতার নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। লেখা কাটিকাটি হলে এক টানে কেটে অনুস্বাক্ষর দেওয়া না থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। দরপত্রের সহিত দরপত্র দাখিলকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা/অধিকার সংরক্ষণ করেন।

০৪/২/২০২৪
(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

স্মারক নং- রা:পৌ:/রাণীশংকৈল/০৮-সায়রাত-০১/হাট-বাজার/২০২৩-২০২৪/২১৬(৫০) তারিখ ঃ ০৪/০২/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। জেলা প্রশাসক , ঠাকুরগাঁও।
০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
০৫। উপজেলা নির্বাহী অফিসার , রাণীশংকৈল , ঠাকুরগাঁও।
০৬। সহকারী কমিশনার (ভূমি), রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
০৭। অফিসার ইনচার্জ , রাণীশংকৈল থানা , ঠাকুরগাঁও।
০৮। কাউন্সিলর (সকল) , অত্র পৌরসভা।
০৯। সহকারী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা, অত্র পৌরসভা।
১০। প্রোঃ ---------------------------------------- । তাকে মাইকযোগে পর পর ০১(এক) দিন বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১১। জনাব/মের্সাস ---------------------------------------------------------------------------।
১২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার , দৈনিক ------------------------ । তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি একদিন স্বল্পপরিসরে ছাপানোর জন্য অনুরোধ করা হ'ল।
১৩। জনাব ---------------------------------------------------, ইজারাদার , ----------------------------------------------------।
১৪। নোটিশ বোর্ড / ওয়েবসাইট (www.ranisankailpourashava.gov.bd) , অত্র পৌরসভা।
১৫। অফিস কপি।

০৪/২/২০২৪
(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।